

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 19-12-2024**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ সুপ্রিম কোর্টে SSC-এর ২৬ হাজার চাকরি বাতিলের মামলার শুনানিতে প্রধান বিচারপতি, নম্বর কারচুপি এবং সুপার নিউমেরিক পোস্ট নিয়ে প্রশ্ন তুলে রাজ্য সরকারের ভূমিকার সমালোচনা করেছেন।

২/ CBI তদন্তে অনাস্থা জানিয়ে নতুন করে মেয়ের খুনের তদন্ত চেয়ে আজ RG Kar কান্ডের নির্যাতিতার বাবা-মা কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করলে, আদালত তদন্তকারী সংস্থার মত জানতে চেয়েছে।

৩/ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কলকাতার বাৎসরিক বড়দিন উৎসবের আজ সূচনা করেছেন।

৪/ সশস্ত্র সীমা বলের এক অনুষ্ঠানে যোগ দিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ রাজ্যে আসছেন।

৫/ রাজ্য পুলিশের বিশেষ টাস্ক ফোর্স এবং অসম পুলিশ যৌথ অভিযান চালিয়ে মুর্শিদাবাদ থেকে জাল পাসপোর্ট কান্ডে জড়িত দুই JMB সদস্যকে গ্রেফতার করেছে।

\*\*\*\*\*

সুপ্রিম কোর্টে আজ রাজ্যের SSC-এর প্রায় ২৬ হাজার জনের চাকরি বাতিলের মামলার শুনানি শেষ হয়েছে। শুনানির সময় প্রধান বিচারপতি নম্বর কারচুপি এবং সুপার নিউমেরিক পোস্ট নিয়ে প্রশ্ন তোলেন। লিখিত পরীক্ষার নম্বর বাড়ানো হয়েছে বলে মন্তব্য করেন। যদিও এই প্রসঙ্গে রাজ্যের আইনজীবী জানিয়েছেন, তাঁরা কাউকে নিয়োগ করেননি, কলকাতা হাইকোর্টের সম্মতি ছাড়া নিয়োগ সম্ভব নয়। একই সঙ্গে তিনি জানান, যোগ্য এবং অযোগ্য বাছাইয়ে তাঁদের সমর্থন রয়েছে, তদন্তকারী সংস্থা সিবিআই এই বিষয়ে আলাদা আলাদা তথ্য দিয়েছে। সিবিআই-এর উদ্ধার করা OMR শিটের বিশ্বাসযোগ্যতা নিয়ে চাকরিচ্যুতদের আইনজীবী প্রশ্ন তোলেন।

মামলার পরবর্তী শুনানি হবে আগামী বছর জানুয়ারি মাসে।

\*\*\*\*\*

সিবিআই তদন্তে অনাস্থা জানিয়ে নতুন করে মেয়ের খুনের তদন্ত চেয়ে আজ RG Kar কান্ডের নির্যাতিতার বাবা-মা কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছেন। ইতিমধ্যে আদালত তাঁদের মামলা দায়েরের অনুমতিও দিয়েছে। একইসঙ্গে, তদন্ত কীভাবে এগোচ্ছে সে ব্যাপারে বিচারপতি তীর্থঙ্কর ঘোষ সিবিআইয়ের কাছে রিপোর্ট তলব করেছেন। আদালত জানিয়েছে, আগামী ২৪ ডিসেম্বর সিবিআইকে তদন্তের যাবতীয় নথি হাইকোর্টে পেশ করতে হবে। তবে কোনওভাবেই ট্রায়াল বন্ধ করা যাবে না।

অন্যদিকে সিবিআইয়ের আইনজীবী হাইকোর্টকে জানিয়েছেন, ইতিমধ্যে তদন্তে অগ্রগতির ব্যাপারে ৮টি স্ট্যাটাস রিপোর্ট আদালতে জমা দেওয়া হয়েছে।

এদিকে, RG Kar কান্ডে দ্রুত সাপ্লিমেন্টারি চার্জশিট পেশ ও সন্দীপ ঘোষের বিরুদ্ধে চার্জশিট পেশে রাজ্য সরকারের অসহযোগিতার বিরুদ্ধে ‘জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস’ ধর্মতলার ওয়াই চ্যানেলে ধর্নায় বসার যে আবেদন জানিয়েছিল, হাইকোর্ট তা’ মঞ্জুর করেছে। ১৭ তারিখ থেকে এই কর্মসূচী শুরু হবার কথা থাকলেও, আইনি জটিলতার কারণে তা’ আগামীকাল থেকে শুরু হতে চলেছে।

\*\*\*\*\*

রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধানখড়ের বিরুদ্ধে আনা অনাস্থা প্রস্তাব, আজ ডেপুটি চেয়ারম্যান হরিবংশ খারিজ করে দিয়েছেন। বিরোধী ৬০ জন সাংসদ ধানখড়ের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ তুলে এই অনাস্থা প্রস্তাব এনেছিলেন।

\*\*\*\*\*

সংসদে বাবাসাহেব আম্বেদকর সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের করা মন্তব্যে তিনি স্তম্ভিত বলে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মত ব্যক্ত করেছেন। পার্ক স্ট্রিটে বড়দিন উৎসবের সূচনা করে মুখ্যমন্ত্রী ফের কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেন।

এদিকে, কংগ্রেস'ও আজ একই ইস্যুতে কলকাতায় বিক্ষোভ দেখায়। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে একটি প্রতিবাদ মিছিল দলীয় কার্যালয় থেকে মৌলানি পর্যন্ত যায়। জেলায় জেলায় আজ বিক্ষোভ কর্মসূচীও পালন করা হয়।

এদিকে, আম্বেদকরকে নিয়ে মন্তব্যের প্রেক্ষিতে সরকার ও বিরোধী পক্ষের বাদানুবাদের জেরে আজ সংসদের উভয় সভার অধিবেশন দফায় দফায় ব্যাহত হয়। দুটি কক্ষের কাজকর্ম দিনের মত মুলতুবি হয়ে গেছে। বিক্ষোভ পালটা বিক্ষোভের মধ্যে পড়ে দুই বিজেপি সাংসদ প্রতাপ সারেঙ্গী এবং মুকেশ রাজপুত মাথায় চোট পান। নাগাল্যান্ডের এক বিজেপি সাংসদ অভব্যতার অভিযোগ তোলেন। প্রতিটি ক্ষেত্রেই বিরোধী নেতা রাহুল গান্ধীর বিরুদ্ধে অভিযোগের আগুল ওঠে।

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু জানান, সংসদ ভবন শারীরিক ক্ষমতা প্রদর্শনের জায়গা নয়।

( বাইট- কিরেণ রিজিজু )

অন্যদিকে রাহুল তাঁর বিরুদ্ধে ওঠা সব অভিযোগ অস্বীকার করে বিজেপি সদস্যরাই প্রথমে বিশৃঙ্খলা সৃষ্টি করেন বলে পালটা দাবী করেন।

( বাইট- রাহুল )

\*\*\*\*\*

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কলকাতার বাৎসরিক বিকেলে পার্ক স্ট্রিটের অ্যালেন পার্কে এক তারকাখচিত অনুষ্ঠানে উৎসবের সূচনা করে তিনি বড়দিনের শুভেচ্ছা জানিয়ে বলেন, বড়দিন আনন্দ ও সম্প্রীতির উৎসব।

(বাইট- mamata)

রাজ্য সরকারের উদ্যোগে আয়োজিত এই বাৎসরিক অনুষ্ঠান এবার ১৪-তম বছরে পা দিচ্ছে। একইসঙ্গে তিনি দার্জিলিং ম্যালে ‘টি ফেস্টে’রও সূচনা করেছেন। কলকাতার পাশাপাশি দার্জিলিং, কালিম্পং, শিলিগুড়ি, জলপাইগুড়ি, আসানসোল, চন্দননগর, ব্যাঙেল, বারুইপুর, কৃষ্ণনগড়, ঝাড়গ্রাম, পুরুলিয়া, হাওড়া ও বিধাননগরের ক্রিসমাস ফেস্টিভালেরও আজ সূচনা হয়েছে।

পার্ক স্ট্রিটের অনুষ্ঠান শেষে সেন্ট জেভিয়ার্স কলেজের প্রাক বড়দিন উৎসবে যোগ দেন মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*

সশস্ত্র সীমা বলের এক অনুষ্ঠানে যোগ দিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ রাজ্যে আসছেন। আগামীকাল স্বরাষ্ট্রমন্ত্রী নেপাল ও ভুটানের সীমান্ত রক্ষাকারী সশস্ত্র সীমাবলের ৬১-তম ‘রাইজিং ডে’-র অনুষ্ঠানে যোগ দেবেন। ওই অনুষ্ঠান শেষেই তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা।

উল্লেখ্য, ভারত-চীন যুদ্ধের পর ১৯৬৩ সালে দেশের সীমান্ত সুরক্ষা আরো জোরদার করতে স্পেশ্যাল সার্ভিস ব্যুরো গঠন করা হয়। পরে তার নাম বদলে হয়-সশস্ত্র সীমাবল।

\*\*\*\*\*

রাজ্য পুলিশের বিশেষ টাস্ক ফোর্স এবং অসম পুলিশ যৌথ অভিযান চালিয়ে আজ মুর্শিদাবাদের হরিহর পাড়া থানা এলাকা থেকে জাল পাসপোর্ট কাণ্ডে জড়িত দুজনকে গ্রেফতার করেছে। ধৃত মহঃ আব্বাস আলি ও মিনারুল শেখের কাছ থেকে একাধিক নথি, পেন ড্রাইভ সহ বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। এরা বাংলাদেশের জঙ্গী সংগঠন ‘জামাতুল মুজাহিদ্দীন’-এর সঙ্গে যুক্ত বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে। তদন্তের স্বার্থে ধৃতদের অসম নিয়ে যাওয়া হচ্ছে।

স্থানীয়রা জানিয়েছেন, মিনারুলের বিরুদ্ধে আগে কোনো অপরাধের অভিযোগ না থাকলেও, আব্বাস আলি যথেষ্ট কুখ্যাত ছিল। তার বিরুদ্ধে নারী পাচারের'ও অভিযোগ রয়েছে। সম্প্রতি সে একটি মাদ্রাসায় শিক্ষক হিসেবে কাজ শুরু করে।

\*\*\*\*\*

সরকার জানিয়েছে, বাংলাদেশ জুড়ে হিন্দু এবং অন্য সংখ্যালঘু সম্প্রদায়ের বাড়ি ও ব্যবসায়িক প্রতিষ্ঠান সহ মন্দির এবং ধর্মীয় স্থানে আক্রমণের বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করা হচ্ছে।

রাজ্যসভায় আজ এক লিখিত জবাবে বিদেশ প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন সিং জানান, এ'বিষয়ে বাংলাদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে কথা হয়েছে। সেদেশের সরকার সংখ্যালঘুদের ওপর হিংসার ঘটনায় জড়িত ৭০ জনকে ইতমধ্যেই গ্রেপ্তার করেছে। মামলা দায়ের হয়েছে ৮৮ টি। সংখ্যালঘু সহ সব নাগরিকের জীবন ও অধিকার রক্ষার দায়িত্ব বাংলাদেশ সরকারের'- বলে মত ব্যক্ত করেন তিনি।

\*\*\*\*\*

কোয়ান্টাম স্ট্যাটিস্টিকসের শতবর্ষ উদযাপন ও বাংলা ভাষায় বিজ্ঞান শিক্ষাকে জনপ্রিয় করতে বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসুর বিড়লা কারিগরি ও শিল্প সংগ্রহশালায় জনসমক্ষে দেওয়া প্রথম বক্তৃতার অডিও প্রকাশ উপলক্ষে সংগ্রহশালায় আজ এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলায় দেওয়া এক ঘন্টার এই বক্তৃতাটি সাধারণ মানুষ এখন থেকে শুনতে পাবেন।

( ভয়েস অফ সত্যেন বোস)

\*\*\*\*\*

ছত্তিশগড়ে আজ মহিলাদের সিনিয়র জাতীয় ফুটবলে আজ বাংলা ১-০ গোলে হরিয়ানাকে হারিয়ে দিয়েছে। গোল করেছেন সঙ্গীতা বাসফোর। বাংলা চার ম্যাচে ৯ পয়েন্ট সংগ্রহ করেছে।

\*\*\*\*\*

আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, আগামীকাল এফ সি গোয়ার মুখোমুখি হবে। গোয়ার ফতোরদা স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মোহনবাগান ১১ ম্যাচে ২৬ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে আছে। চতুর্থ স্থানে থাকা এফ সি গোয়ার সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ১৯ ।

\*\*\*\*\*

সুরাতে আজ বিজয় মার্চেন্ট ট্রফি ক্রিকেটে বাংলা ও মহারাষ্ট্র এর মধ্যে ম্যাচটি অমীমাংসিতভাবে শেষ হয়েছে। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে বাংলা এই ম্যাচে তিন পয়েন্ট পেয়েছে। বাংলার তিন ম্যাচে পয়েন্ট নয়।

\*\*\*\*\*